"ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
উপকরণ ও সরবরাহ ইউনিট
৬, কাওরান বাজার, ঢাকা।
www.dgfp.gov.bd

স্মারক নং-পপঅ/উঃ ও সঃ -২/জনবল নিয়োগ-২০১৮(পিএসএসএম-এফপি)/১৪০১ তারিখঃ ২৫/০৮/২০২২ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন উপকরণ ও সরবরাহ ইউনিটে ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি কর্মসূচির (এইচপিএনএসপি) আওতায় প্রকিউরমেন্ট, স্টোরেজ এন্ড সাপ্লাই ম্যানেজমেন্ট (পিএসএসএম-এফপি) অপারেশনাল প্ল্যানের নিম্নবর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে অপারেশনাল প্ল্যানের মেয়াদকালীন জনবল নিয়োগের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে সরকার নির্ধারিত চাকুরির আবেদন ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| পদের নাম ও বেতন (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | গ্রেড | পদের সংখ্যা | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| সরবরাহ কর্মকর্তা ১৬০০০-৩৮৬৪০/= | ১০ম | ০৬ (ছয়) | ১৮-৩০ বছর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রী অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা | পণ্যপরিবহন,গুদামজাতকরণ এবং পণ্য ক্লিয়ারিং-এ ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা |

শর্তাবলী:

১। আগামী ১৫/০৯/২০২২ খ্রি. তারিখের মধ্যে (ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন পরিচালক (উপকরণ ও সরবরাহ), পরিবার পরিকল্পনা অধিদপ্তর,০৬ কাওরান বাজার,ঢাকা-১২১৫ বরাবর প্রার্থীর আবেদনপত্র পৌছাতে হবে। উক্ত তারিখের পরে ডাকযোগে বা অন্য কোন উপায়ে আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২। অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।

৩। প্রার্থীর বয়সসীমা ১৫.০৯.২০২২ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বীর মুক্তিযোদ্ধা, বীর মুক্তিযোদ্ধার/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ (বত্রিশ) বছর। বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের (নাতি-নাতনি) বয়সের উর্ধ্বসীমা ৩০ (ত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৪। সরকারি/আধাসরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে স্ব/স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫। সরকার নির্ধারিত চাকুরির আবেদন ফরমে আবেদন করতে হবে এবং আবেদনপত্রের খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে। আবেদনপত্র www.dgfp.gov.bd ওয়েবসাইট থেকে সংগ্রহ/ডাউনলোড করা যাবে।

৬। আবেদনপত্রের সাথে যেসকল কাগজপত্র দাখিল করতে হবেঃ (ক) সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, (খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি (গ) প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (ঘ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র (ঙ) অভিজ্ঞতা সনদপত্র (চ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি (ছ) জন্ম সনদের সত্যায়িত কপি।

৭। আবেদন পত্রের সাথে মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর বরাবর পরীক্ষার ফি বাবদ নিম্নলিখিত কোডে ২০০(দুইশত) টাকা জমার স্বপক্ষে ট্রেজারী চালানের মূলকপি (অফেরতযোগ্য) জমা দিতে হবে।

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | - | ২ | ৭ | ৮ | ১ | - | ০ | ০ | ০ | ০ | - | ২ | ০ | ৩ | ১ |

৮। প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন যাতায়াত ভাতা দেয়া হবে না।

৯। এই নিয়োগের ক্ষেত্রে অনুমোদিত প্রকল্প নিয়োগবিধি এবং সরকারি নিয়োগ সংক্রান্ত প্রচলিত বিধিবিধান যথাযথ ভাবে অনুসরণ করা হবে।

১০। এই নিয়োগ সাকুল্য বেতনে প্রকল্পের মেয়াদ পর্যন্ত প্রযোজ্য হবে। প্রকল্পের মেয়াদ শেষে পদসমূহ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে এবং নিয়োগপত্রই অব্যাহতিপত্র হিসাবে গন্য হবে।

১১। নিয়োগপ্রাপ্ত হলে প্রার্থীকে বাংলাদেশের যে কোন জেলায় পদায়ন করা হবে।

১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

25/8/2022
(জাকিয়া আখতার)
উপপরিচালক (বৈদেশিক সংগ্রহ)
উপকরণ ও সরবরাহ ইউনিট
পরিবার পরিকল্পনা অধিদপ্তর ও
সদস্য সচিব
নিয়োগ/বাছাই কমিটি

GA-3213/22 (12x4)